গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

সভায় উপস্থিত সদস্য বৃন্দ ঃ পরিশিষ্ট- 'ক'

২৪/৯/২৪

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | স্থায়ী কমিটির পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মোছা: মাহফুজা আকতার | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সভাপতি | | |
| ০২ | মো: হিটলার হক | চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য | ০১৭৩১-৯৭৮৪২৮ | |
| ০৩ | মো: সহিদ হোসেন | চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৩-৭২৪৯০৯ | |
| ০৪ | মো: জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৬৫০০১২৩ | |
| ০৫ | মো: রাকিব হোসেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য সচিব | ০১৯৯-৫৮৪৩০৬০ | |

## উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মোছা: মাহফুজা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ হল রুম, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ : ২৪.০৭.২০২৪ খ্রি:
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় আসন গ্রহণ করার পর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচ্যসুচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | প্রাণী সম্পদ বিষয়ক আলোচনা:<br>দেশে 'লাম্পি স্কিন ডিজিজ' বা এলএসডি নামে আরেক ভাইরাসের দেখা মিলেছে। এ ভাইরাস গবাদি পশুকে আক্রমণ করে থাকে। দেশের বিভিন্ন এলাকায় এ ভাইরাসে শত শত গরু আক্রান্ত হওয়ার খবর পাওয়া যাচ্ছে। গরু নিয়ে দুশ্চিন্তায় দিন কাটাচ্ছে খামারিরা। এলএসডি গরুর জন্য একটি ভয়ঙ্কর ভাইরাসজনিত চর্মরোগ, যা খামারের ক্ষতির কারণ। ০৩ নং খনগাঁও ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, সাধারণ মানুষ যারা গরু লালন পালন করেন তারা এ রোগ নিয়ে চিন্তিত। এর প্রতিকার দরকার<br>সভার সভাপতি জনাবা মোছা: মাহফুজা আকতার এ বিষয়ে উপজেলা প্রাণী সম্পদ অফিসের সাথে যোগাযোগ করে বিস্তারিত খোজ খবর নেওয়া ও এর আশু সমাধান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা প্রাণী সম্পদ অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০২ | ০৩ নং খনগাঁও ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে মাছে ভাতে - বাঙ্গালীদের কাছে কৈ, শিং ও মাগুর মাছ অতি পরিচিত ও প্রিয় মাছগুলোর মধ্যে অন্যতম। মাছটি খেতে খুব সুস্বাদু এবং বাজার মূল্যও অনেক বেশী। এক সময় এদেশের নদনদী-, ধান ক্ষেতে, হাওড, বাওড় ও খালবিলে এ মাছ - নদীর উজানে অপরিকল্পিত বাঁধ নির্মাণ-ওয়া যেত কিন্তু নদপ্রচুর পা, ধান ক্ষেতে কীটনাশকের ব্যবহার, বিল সেচে শুকিয়ে মাছ ধরা ইত্যাদি নানাবিধ কারণে প্রজনন ক্ষেত্র ধ্বংস হওয়ায় এ মাছের প্রাপ্যতা দারুণভাবে হ্রাস পেয়েছে। বর্তমানে সকল মৎস্য চাষিরা চালানি মাছ চাষে আন্তরিক হলেও দেশি মাছ চাষ বা তার উৎপাদন বৃদ্ধিতে মৎস্য চাষিদের আগ্রহ নেই। উপজেলা মৎস্য অধিদপ্তরের মাধ্যমে সাধারণ মৎস্য চাষিদের প্রশিক্ষণ বা সঠিক দিক নির্দেশনা প্রদান করা হলে দেশিয় মাছের উৎপাদন বৃদ্ধি সহ সাধারণ মানুষের কাছেও দেশি মাছ সহজলভ্য হতো।<br><br>সভার সভাপতি মোছা: মাহফুজা বলেন যে এই বিষয়ে উপজেলা মৎস্য অফিসারের সাথে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে বিশেষ ভাবে অনুরোধ করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা মৎস্য অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:** কমিটির সভাপতি ও ভাইস চেয়ারম্যান বলেন যে, উক্ত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন বিষয়ে সদস্য সচিব কার্যকরী উদ্যোগ গ্রহন করা এবং সকল সদস্যকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানান। তাছাড়া বিধি মোতাবেক সভার কার্যবিবরনী সকল সদস্যকে নিয়মিত ভাবে পৌছানোর জন্য সদস্য সচিবকে পরামর্শ প্রদান করেন। | নিয়মিত সভা করা ও সভার কার্য বিবরনী সকলের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৪ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করে | - | সভাপতি |

( মোছাঃ মাহফুজা আকতার)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

স্মারক নং-৪৭.৬২.৯৪.৮২.০০০.০৮.০০৬.২১- ৪০৫ তারিখ- ২৪.০৭.২০২৪ খ্রি

**অনুলিপি( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। চেয়ারম্যান, ০৭ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। অফিস কপি ।

( মো: রাকিব হোসেন )
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner